আবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/25/2024 **গভর্নর ক্যাথি হোকল**

জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুতি এবং সন্ত্রাসদমন প্রচেষ্টার জন্য গভর্নর হোকল-এর প্রায় 220 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল বরাদ্দ দেওয়ার ঘোষণা

এই তহবিল স্টেট ব্যাপী কমিউনিটিগুলোকে মানবসৃষ্ট ও প্রাকৃতিক দুর্যোগ এবং জরুরি পরিস্থিতি প্রতিরোধ, সেগুলোর প্রতি সাড়াদান, এবং সেগুলো থেকে পুনরুদ্ধারের ক্ষেত্রে সাহায্য করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ নিউ ইয়র্ক স্টেট জুড়ে সন্ত্রাসদমন এবং জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুতি প্রচেষ্টায় সহায়তা করতে প্রায় 220 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল বরাদ্দ দেওয়ার ঘোষণা দিয়েছেন। ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA)-এর 2024 অর্থবছরের হোমল্যান্ড সিকিউরিটি গ্র্যান্ট (Homeland Security Grant) কর্মসূচির মাধ্যমে প্রদানকৃত এই তহবিল, হোমল্যান্ড সিকিউরিটির আঞ্চলিক প্রস্তুতি প্রচেষ্টা, যেমন পরিকল্পনা, সংগঠন, সরঞ্জাম, প্রশিক্ষণ এবং অনুশীলনমূলক ক্রিয়াকলাপ যেগুলো কমিউনিটির প্রতিরোধ, সুরক্ষা, সাড়াদান এবং পুনরুদ্ধার সংক্রান্ত সক্ষমতার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। দ্য নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (New York State Division of Homeland Security and Emergency Services) স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে ঘনিষ্ঠ সমন্বয়ে এই প্রোগ্রাম পরিচালনা করে।

"নিউ ইয়র্ক স্টেটে রয়েছে দেশের মধ্যে সবচেয়ে শক্তিশালী এবং সবচেয়ে বেশি সক্ষমতাসম্পন্ন জরুরি অবস্থার প্রস্তুতির বাহিনী এবং এই ফেডারেল তহবিলের কল্যাণে আমরা আমাদের কমিউনিটিগুলোকে সুরক্ষিত রাখার জন্য আমাদের কাছে সেরা সংস্থানগুলো লভ্য থাকার বিষয়টি নিশ্চিত করতে পারছি," **বলেছেন গভর্নর Hochul (হোকল)।** "ফেডারেল, স্টেট ও স্থানীয় সরকারের মধ্যকার অংশীদারিত্বের মাধ্যমে আমরা নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তাকে আমাদের প্রচেষ্টার কেন্দ্রবিন্দুতে রেখেছি এবং নিশ্চিত করছি যে আমরা যে ধরনের হুমকির সম্মুখীন হই না কেন, আমরা সেগুলো মোকাবেলার জন্য প্রস্তুত থাকবো।"

FEMA-এর হোমল্যান্ড সিকিউরিটি গ্র্যান্ট কর্মসূচি সন্ত্রাসী কর্মকাণ্ড প্রতিরোধ করা, মোকাবেলার জন্য প্রস্তুতি নেওয়া, সেগুলোর বিরুদ্ধে সুরক্ষা প্রদান করার জন্য স্টেট, স্থানীয় ও উপজাতীয় প্রচেষ্টায় সহায়তা করার লক্ষ্যে গঠিত ঝুঁকি-ভিত্তিক তিনটি পৃথক গ্র্যান্ট নিয়ে গঠিত। এই প্রোগ্রামগুলি হল স্টেট হোমল্যান্ড সিকিউরিটি প্রোগ্রাম (State Homeland Security Program),

আরবান এরিয়া সিকিউরিটি ইনিশিয়েটিভ (Urban Area Security Initiative) এবং অপারেশন স্টোনগার্ডেন (Operation Stonegarden Grant Program)।

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস-এর কমিশনার Jackie Bray (জ্যাকি ব্রে) বলেন, "আমাদের ফেডারেল অংশীদারদের কাছ থেকে আসা তহবিল স্টেটের প্রস্তুতি নেওয়ার সক্ষমতায় অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি ভূমিকা পালন করছে। নিউ ইয়র্কের কমিউনিটিগুলোর কাছে যাতে তাদেরকে নিরাপত্তা সংক্রান্ত প্রস্তুতি নিতে সাহায্য করবে এমন সংস্থানসমূহ থাকে, যেমন প্রতিরোধ ও সুরক্ষার পাশাপাশি সাড়াদান ও পুনরুদ্ধারের সক্ষমতা উন্নত করতে পারে এমন প্রশিক্ষণ ও সরঞ্জাম, সে বিষয়টি নিশ্চিত করতে এসব অনুদান সুদূরপ্রসারী ভূমিকা রাখবে।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা Charles Schumer (চার্লস স্কুমার) বলেন , "বাফেলো থেকে লং আইল্যান্ড পর্যন্ত নিউ ইয়র্কের প্রতিটি কোণায় থাকা কমিউনিটিগুলো যাতে প্রাকৃতিক জরুরি অবস্থা ও নিরাপত্তা হুমকি প্রতিরোধ করা এবং সেগুলোর প্রতি সাড়া দেওয়ার জন্য প্রস্তুত থাকে সে বিষয়টি নিশ্চিত করার জন্য, সাইবার নিরাপত্তা বৃদ্ধি করা থেকে স্থানীয় ও ফেডারেল আইন প্রয়োগকারী সংস্থার জন্য তথ্য শেয়ার করা জোরদার করা, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় স্থিতিশীলতা উন্নত করা, ইত্যাদির জন্য আনুমানিক 220 মিলিয়ন ডলার বিনিয়োগ করা হচ্ছে। আমি গতবছরের বাজেট বিলে FEMA-এর হোমল্যান্ড সিকিউরিটি অনুদান কর্মসূচির জন্য তহবিল সংগ্রহ করার জন্য লড়াই করেছি যাতে কমিউনিটিগুলো আমরা যে ধরনের জরুরি অবস্থা ও হুমকির সম্মুখীন হই না কেন, যার মধ্যে ঘৃণা-নির্ভর সহিংসতাও অন্তর্ভুক্ত রয়েছে, সেগুলোর জন্য হুমকি প্রতিরোধ ও প্রস্তুতি গ্রহণ উভয়টি জোরদার করতে পারে এবং আমি রোমাঞ্চিত যে আজ নিউ ইয়র্কের জন্য সেগুলো সুফল বয়ে আনছে। এসব ফেডারেল ডলার ভালো কাজে ব্যবহার করায় গভর্নর Hochul (হোকল)-এর কাজের প্রতি আমি কৃতজ্ঞ।"

স্টেট হোমল্যান্ড সিকিউরিটি প্রোগ্রাম - 61.2 মিলিয়ন ডলার

স্টেট হোমল্যান্ড সিকিউরিটি প্রোগ্রাম সন্ত্রাসবাদ এবং অন্যান্য দুর্যোগ প্রতিরোধ, তা থেকে সুরক্ষা, সাড়া দান এবং তা থেকে পুনরুদ্ধারের জন্য তহবিল প্রদান করে। ফেডারেল নির্দেশনা অনুযায়ী, ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস এই তহবিলের 80 শতাংশ স্থানীয় আইনি অধিক্ষেত্রগুলোকে প্রদান করছে। এর মধ্যে নিম্নে উল্লিখিত পুরস্কারগুলি এবং বাড়তি টার্গেটকৃত অনুদান অন্তর্ভুক্ত যা সামনের মাসগুলিতে দেওয়া হবে। তহবিলের অবশিষ্ট 20 শতাংশ স্টেটজুড়ে নিউ ইয়র্কের সন্ত্রাসদমন এবং জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুতির অবস্থান অধিকতর জোরদার করতে স্টেটের দ্বারা ব্যবহৃত হবে।

স্টেটজুড়ে সক্ষমতা গড়ে তোলার প্রচেষ্টায় নিম্নলিখিত অগ্রাধিকারমূলক খাতগুলোতে সহায়তা করার জন্য বিনিয়োগ প্রয়োজন ছিল:

- ইন্টেলিজেন্স ও তথ্য শেয়ার করা এবং বিশ্লেষণের সক্ষমতা
- সফট টার্গেট/জনাকীর্ণ এলাকার নিরাপত্তা বৃদ্ধি করা
- স্বদেশী সহিংস চরমপন্থা মোকাবেলা
- কমিউনিটির প্রস্তুতি ও সহনশীলতা উন্নত করা

- সাইবার নিরাপত্তা সক্ষমতা উন্নত করা
- নির্বাচনের নিরাপত্তা উন্নত করা

পুরস্কারের পরিমাণ নিম্নে উল্লেখ করা হয়েছেঃ

অনুদান গ্রহীতা	মোট অনুদান
Albany County	$644,040
Albany, City of	$301,833
Allegany County	$59,750
Broome County	$311,551
Cattaraugus County	$136,570
Cayuga County	$132,303
Chautauqua County	$170,713
Chemung County	$145,106
Chenango County	$93,892
Clinton County	$128,035
Columbia County	$76,821
Cortland County	$51,215
Delaware County	$85,356
Dutchess County	$574,070
Erie County (City of Buffalo)	$1,879,306
Essex County	$102,428
Franklin County	$59,750
Fulton County	$72,553
Genesee County	$98,160
Greene County	$98,160
Hamilton County	$42,678
Herkimer County	$76,821
Jefferson County	$110,964
Lewis County	$46,946
Livingston County	$128,035
Madison County	$106,696
Monroe County	$643,547
Rochester, City of	$320,164
Montgomery County	$102,428
Nassau County	$1,820,278

City of New York	$30,135,400
Niagara County	$418,135
Oneida County	$226,103
Onondaga County	$391,254
Syracuse, City of	$259,638
Ontario County	$170,714
Orange County	$924,546
Orleans County	$89,625
Oswego County	$166,445
Otsego County	$93,892
Putnam County	$234,731
Rensselaer County	$326,399
Troy, City of	$152,535
Rockland County	$635,907
Saratoga County	$247,535
Schenectady County	$273,459
Schenectady, City of	$206,046
Schoharie County	$81,089
Schuyler County	$46,946
Seneca County	$51,215
St. Lawrence County	$157,910
Steuben County	$110,965
Suffolk County	$1,180,103
Sullivan County	$179,249
Tioga County	$59,750
Tompkins County	$98,160
Ulster County	$230,463
Warren County	$68,285
Washington County	$68,285
Wayne County	$145,106
Westchester County	$1,367,888
Wyoming County	$59,750
Yates County	$34,143
মোট	**$47,511,840**

আরবান এরিয়া সিকিউরিটি ইনিশিয়েটিভ - 156.1 মিলিয়ন ডলার

এই তহবিল আরবান এরিয়া সিকিউরিটি ইনিশিয়েটিভ গ্র্যান্টের অধীনে নিউ ইয়র্ক সিটি মেট্রোপলিটন এলাকার আইনি অধিক্ষেত্রগুলোকে এই তহবিল প্রদান করা হচ্ছে। এই

অঞ্চলগুলি এই অর্থ তাদের গুরুত্বপূর্ণ সন্ত্রাসবিরোধী প্রোগ্রামগুলি বজায় রাখতে এবং সম্প্রসারিত করতে ব্যবহার করবে। ফেডারেল নির্দেশনা অনুসারে, পুরস্কারের 80 শতাংশ অঞ্চলের আরবান এরিয়া ওয়ারকিং গ্রুপ (Urban Area Working Group) এ থাকা অংশীদারদের বরাদ্দ করা হয়, যাতে একটি ঐক্যমত্য-ভিত্তিক প্রক্রিয়া ব্যবহার করা হয় এবং এই তহবিল প্রদানের জন্য ঐক্যমত্য চুক্তি নিম্নে দেওয়া হল।

এছাড়াও নিউ ইয়র্ক সিটি আরবান এরিয়ার অংশীদারের জন্য সন্ত্রাসী-সম্পর্কিত ক্রিয়াকলাপ থেকে সম্ভাব্য হুমকির সম্মুখীন হওয়ার অনন্য অবস্থানের বিষয়টি বিবেচনায় নিয়ে স্টেটের 2024 অর্থবছরের আরবান এরিয়া সিকিউরিটি ইনিশিয়েটিভ গ্র্যান্টের অংশ থেকে নিম্নলিখিত অনুদানগুলোর সঙ্গে বাড়তি 12,117,502 মিলিয়ন ডলার বরাদ্দ করা হবে। তহবিলের অবশিষ্ট অংশ শহরাঞ্চলের মধ্যে নিউ ইয়র্কের সন্ত্রাসদমন এবং জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুতির অবস্থান অধিকতর জোরদার করতে স্টেটের দ্বারা ব্যবহৃত হবে।

পুরস্কারের পরিমাণ নিম্নে উল্লেখ করা হয়েছেঃ

অনুদান গ্রহীতা	**মোট অনুদান**
Port Authority of New York and New Jersey	$9,313,368
Westchester County	$2,314,373
City of Yonkers	$2,314,373
Suffolk County	$2,314,373
Nassau County	$2,314,373
City of New York	$118,451,583
মোট	**$137,022,443**

অপারেশন স্টোনগার্ডেন গ্র্যান্ট প্রোগ্রাম - 2.6 মিলিয়ন ডলার

এই অনুদান উত্তর সীমান্তে পরিচালিত যৌথ কার্যক্রমগুলোর সহায়তার মাধ্যমে ফেডারেল, স্টেট, স্থানীয় ও উপজাতীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলোর মধ্যে সহযোগিতা ও সমন্বয় বৃদ্ধি করতে অতি গুরুত্বপূর্ণ তহবিল প্রদান করছে।

অনুদান গ্রহীতা	**মোট অনুদান**
Cayuga County	$120,000
Chautauqua County	$180,000
Clinton County	$250,000
Erie County	$295,000
Franklin County	$280,000
Jefferson County	$325,000
Monroe County	$180,000

Niagara County	$145,000
Orleans County	$100,000
Oswego County	$195,000
St. Lawrence County	$290,000
St. Regis Mohawk Tribe	$90,000
Wayne County	$100,000
Wyoming County	$51,000
মোট	**$2,601,000**

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে

দ্য নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সন্ত্রাসবাদ এবং অন্যান্য মানবসৃষ্ট এবং প্রাকৃতিক বিপর্যয়, হুমকি, অগ্নিকান্ড ও অন্যান্য জরুরী অবস্থা প্রতিরোধ, এগুলোর বিরুদ্ধে সুরক্ষা, এগুলোর প্রতি সাড়া প্রদান করা, এগুলো থেকে নিয়ন্ত্রণ ফিরে পাওয়ার প্রচেষ্টার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরো তথ্যের জন্য DHSES-এর ফেসবুক (Facebook) পেইজে ভিজিট করুন, টুইটারে (Twitter)-এ অথবা ইনস্টাগ্রামে (Instagram) @NYSDHSES-কে অনুসরণ করুন অথবা ভিজিট করুনdhses.ny.gov ঠিকানায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন